২০২৩

চতুর্থ সেমেস্টার

# বাংলা - সাম্মানিক

পত্র : CC-8

(প্রাগাধুনিক সাহিত্য)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) মাথুর বলতে কী বোঝো? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার নাম কী? পাঠ্যপদের বিশ্লেষণসূত্রে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। ২+১+৭

*অথবা,*

(খ) "ঘরের বাহিরে দণ্ডে শতবার
তিলে তিলে আইসে যায়।"

— এটি কোন পর্যায়ের পদ? রচয়িতা কে? এই পর্যায়ের বৈশিষ্ট্য কীভাবে পদটির মধ্যে প্রকাশিত হয়েছে তা উক্ত পদ অবলম্বনে বোঝাও। ১+১+৮

২। (ক) "কবি মুকুন্দের প্রতিভায় শ্রেষ্ঠ উপন্যাস রচয়িতার রসদৃষ্টি ছিল।"— মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

*অথবা,*

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে কালকেতু একটি উজ্জ্বল মানব চরিত্র।— আলোচনা করো। ১০

৩। (ক) 'ভক্তের আকূতি' পর্যায়ের কবি হিসাবে রামপ্রসাদ সেনের কৃতিত্ব পাঠ্যপদ অনুসরণে বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) "শাক্ত কবিরা ছিলেন মাতৃহৃদয়ের সুনিপুণ শিল্পী"।— তোমাদের পাঠ্য 'আগমনী ও বিজয়া' পর্যায়ের যে-কোনো দুটি পদ অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার করো। ১০

৪। (ক) "অভিনব হেম কল্পতরু সঞ্চরু
সুরধুনী-তীরে উজোর॥"

—পদকর্তা কে? পদটি কোন পর্যায়ের অন্তর্গত? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

*অথবা,*

(খ) "তাতল সৈকত বারিবিন্দুসম
সুতমিত রমণী সমাজে"
—কোন পর্যায়ের পদ? 'তাতল সৈকত' ও 'সুত-মিত-রমণী' শব্দ দুটির অর্থ কী? পদ্যাংশটির ভাববস্তু ব্যক্ত করো। ১+১+৩

৫। (ক) "সোনা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল।/ঘষিয়া মাজিয়া বাপু কর‍্যাছ উজ্জ্বল॥"— কে, কাকে এ কথা বলেছে? এই বক্তব্যের পিছনে বক্তার প্রকৃত উদেশ্য কী ছিল? ১+১+৩

*অথবা,*

(খ) "সরকার হইলা কাল খিলভূমি লিখে লাল
বিনা উপকারে খায় ধুতি।"
—কোন প্রসঙ্গে এরূপ বলা হয়েছে? 'খিলভূমি' আর 'ধুতি' বলতে কী বোঝানো হয়েছে? উদ্ধৃতিটির ব্যাখ্যা করো। ২+১+২

৬। (ক) "খলের প্রধান যত, কে আছে তোমার মত—
আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ॥"
কে, কাকে 'খলের প্রধান' বলে অভিহিত করেছে? 'খলের প্রধান' কীভাবে নিজে 'হত' হয়? কী উপায়েই বা সে পরের প্রাণ বধ করে? ১+২+২

অথবা,

(খ) "মা, নিম খাওয়ালে চিনি বলে, কথায় করে ছলো।/ও মা, মিঠার লোভে, তিত মুখে সারাদিনটা গেল॥"—পদকর্তার ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

৭। *যে-কোনো একটি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গ বিষয়ক পদের তফাত

(খ) ফুল্লরার বারমাস্যা

(গ) 'আগমনী ও বিজয়া' পর্যায়ান্তর্গত নবমী নিশির গুরুত্ব।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বৈষ্ণব পদাবলীর কোন কবিকে 'চণ্ডীদাসের ভাবশিষ্য' বলা হয়?

(খ) "মঞ্জীর চীরহি ঝাঁপি"— 'চীরহি' শব্দটির অর্থ কী?

(গ) "লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখলুঁ"— কোন পর্যায়ের পদ?

(ঘ) "আহীরী রমণী হাসে দাঁড়াইয়া চারিপাশে"— 'আহীরী রমণী' বলতে কাদের বোঝানো হয়েছে?

(ঙ) "মন্দির বাহির কঠিন কপাট।"— উদ্ধৃতিটির পদকর্তা কে?

(চ) "দুখিনীর দিন দুখেতে গেল।" — পঙ্‌ক্তিটি কোন পর্যায়ের পদের অন্তর্গত?

(ছ) "একটি অঙ্গুরী নিলে হবে কোন্ কাম।"— উক্তিটি কার?

(জ) "হরিদত্তের বেটা হই জয়দত্তের নাতি।/হাটে লয়্যা বেচাইব বীরের ঘোড়া হাতী॥"— এখানে 'হরিদত্তের বেটা' ও 'জয়দত্তের নাতি' কে?

(ঝ) "শিশু কাঁদে ওদনের তরে" — এখানে 'ওদন' শব্দটির অর্থ কী?

(ঞ) "জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ" — এখানে 'কৃশানু' শব্দের অর্থ কী?

(ট) 'চণ্ডীমঙ্গল' কাব্যের 'আখেটিক' খণ্ডে 'আখেটিক' বলতে কী বোঝানো হয়েছে?

(ঠ) "কামিনী করিল বিধি, তেঁই হে তোমারে সাধি" — উদ্ধৃতিটি কোন পর্যায়ের পদ?

(ড) "আমি কি দুখেরে ডরাই"? — শীর্ষক পদটির পদকর্তা কে?

(ঢ) "তুমি কি দোষে করিলে আমায়, ছ'টা কলুর অনুগত॥" —এখানে ছ'টা কলু বলতে কী বোঝানো হয়েছে?

(ণ) "ওহে হর গঙ্গাধর, কর অঙ্গীকার, যাই আমি জনক-ভবনে।" — শীর্ষক পদটির পদকর্তা কে?

# ২০২৩

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র ঃ CC-9

### (ছন্দ, অলংকার ও কাব্যতত্ত্ব)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) মিশ্রবৃত্ত ছন্দ আর কী কী নামে পরিচিত? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করো। ২+৮

*অথবা,*

(খ) *যে-কোনো দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো — ৫+৫

(অ) যতির শ্রেণিবিভাগ

(আ) উদাহরণসহ দলের সংজ্ঞা ও শ্রেণিবিভাগ

(ই) গদ্য ছন্দের বৈশিষ্ট্য।

২। (ক) উপযুক্ত উদাহরণসহ শ্লেষ অলংকারের বিস্তৃত পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে? এর ক'টি বিভাগ ও কী কী? উদাহরণসহ প্রত্যেকটি বিভাগ সম্পর্কে আলোচনা করো। ২+২+৬

৩। (ক) "এই 'অতিরিক্তবস্তু'ই কাব্যের আত্মা" — 'অতিরিক্তবস্তু' বলতে কী বোঝানো হয়েছে তা ভারতীয় আলংকারিকদের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করো। ১০

*অথবা,*

(খ) "আর অনুকরণ থেকে আনন্দ পাওয়াও আমাদের স্বভাব।" অনুকরণ সম্পর্কে অ্যারিস্টটলের এই বক্তব্যের আলোকে অনুকরণ তত্ত্বটি ব্যাখ্যা করো। ১০

৪। ছন্দোলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যক) —

(ক) আমি কি কখনো বেদনার সংকটে
তোমাকে চেয়েছি ততখানি অকপটে,
সব আবরণ সরিয়ে বাংলাভাষা
যেভাবে পদ্ম সূর্যের দিকে ফোটে? ৫

Please Turn Over

*অথবা,*

(খ) সিন্ধু তুমি বন্দনীয় বিম্ব তুমি মাহেশ্বরী
দীপ্ত তুমি মুক্ত তুমি তোমায় মোরা প্রণাম করি,
অপার তুমি নিবিড় তুমি অগাধ তুমি পরাণ-প্রিয়
গহন তুমি গভীর তুমি সিন্ধু তুমি বন্দনীয়। ৫

৫। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো —

(ক) পড়ুক দু'ফোঁটা অশ্রু জগতের পরে
যেন দু'টি বাল্মীকির শ্লোক। ৫

*অথবা,*

(খ) উড়িল কলম্বকুল অম্বরপ্রদেশে। ৫

৬। (ক) "রীতি হল পদ রচনার বিশিষ্ট ভঙ্গি। বিশিষ্টা পদরচনা রীতিঃ।" — এই মন্তব্যের আলোকে খুব সংক্ষেপে রীতিবাদ ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) অ্যারিস্টটল 'অনুকরণের মাধ্যম' বলতে কী বুঝিয়েছিলেন তা ব্যাখ্যা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয় সম্পর্কে আলোচনা করো — ৫×১

(ক) মুক্তক ছন্দের বৈশিষ্ট্য

(খ) সমাসোক্তি অলংকার

(গ) বিভাব।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×১৫

(ক) সরলকলাবৃত্ত ছন্দের মূলপর্বের মাত্রাসংখ্যাগুলি উল্লেখ করো।

(খ) দলবৃত্ত ছন্দের মুক্ত ও রুদ্ধদলের মাত্রাসংখ্যা কত হয়?

(গ) বাংলা ছন্দে মধ্যযতির দ্বারা যা নির্দিষ্ট হয় তাকে কী বলে?

(ঘ) মধুসূদন তাঁর কোন্ কাব্যে প্রথম অমিত্রাক্ষর ছন্দ ব্যবহার করেন?

(ঙ) 'দুর্দান্ত' শব্দটি মিশ্রবৃত্ত ছন্দে কয় মাত্রা হবে?

(চ) 'অশান্ত আকাঙ্ক্ষা পাখি'— এখানে উপমেয় কোনটি?

(ছ) সংশয়ের ভাব কোন্ অলংকারে ব্যক্ত হয়?

(জ) পূর্ণোপমা অলংকারের অঙ্গগুলি কী কী?

(ঝ) "চিরদিন বাজে অন্তর মাঝে" — কী অলংকার?

(ঞ) "শরতের শেষে সরিষা রো" — কী অলংকার?

(ট) ভারতীয় আলংকারিকদের মতে রস কয়টি?

(ঠ) 'ক্রোধভাব' কাব্যে কোন্ রসে পরিণত হয়?

(ড) 'ধ্বন্যালোক'-এর রচয়িতা কে?

(ঢ) প্লেটো তাঁর কোন্ গ্রন্থে অনুকরণ তত্ত্ব ব্যাখ্যা করেছিলেন?

(ণ) 'সহৃদয় সামাজিক' কে?

---

# ২০২৩

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র : CC-10

### (প্রবন্ধ ও বিবিধ রচনা)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ঊনবিংশ শতাব্দীর আর্থ-সামাজিক প্রেক্ষাপটে, বঙ্কিমচন্দ্রের সাম্যবাদী মনন 'বিড়াল' প্রবন্ধের মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে। — আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'যে দেশে বহুধর্ম বহু ভাষা' প্রচলিত, সেই দেশে কোন ধর্ম বা ভাষা স্বীকৃত হবে তা প্রাবন্ধিক অন্নদাশঙ্কর রায়-এর মত অনুযায়ী আলোচনা করো। ১০

২। (ক) "জগতের উপরে মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা— সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।" — আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) "আধুনিক সাহিত্য মানুষের সাহিত্য।" — এই মন্তব্যের আলোকে আধুনিক সাহিত্য সম্পর্কে প্রাবন্ধিক গোপাল হালদারের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ১০

৩। (ক) 'ছিন্নপত্র'-এর চিঠিগুলিতে কীভাবে প্রকৃতিপ্রেম ও মানবপ্রেম একাত্ম হয়ে গেছে তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) 'ছিন্নপত্র'-এর পাঠ্য চিঠিগুলির সঙ্গে রবীন্দ্রনাথের লেখা সমকালীন কবিতাগুলির যোগসূত্র বিষয়ে আলোচনা করো। ১০

৪। (ক) "কেহ একা থাকিও না। যদি অন্য কেহ তোমার প্রণয়ভাগী না হইল তবে তোমার মনুষ্যজন্ম বৃথা" — উক্তিটি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(খ) মাতৃভাষায় বিজ্ঞান চর্চার গুরুত্ব 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে ব্যক্ত করো। ৫

৫। (ক) "সত্যের যথার্থ উপলব্ধিমাত্রই আনন্দ, তাহাই চরম সৌন্দর্য" — সংক্ষেপে ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "একথা সত্য যে রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।"— বুদ্ধদেব বসু কার সম্পর্কে কেন একথা বলেছেন? ৫

৬। (ক) পদ্মানদীর পরিচয় 'ছিন্নপত্র'-তে কীভাবে পরিস্ফুট হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) "আমাদের দু'জনকার মধ্যে খুব গভীর এবং সুদূরব্যাপী চেনাশোনা আছে।" — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫

৭। (ক) 'আমার মন' প্রবন্ধে কমলাকান্তের মূল বক্তব্য সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) "সৌন্দর্য সৃষ্টি করাও অসংযত কল্পনাবৃত্তির কর্ম নহে।"— ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(গ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর ৩০ সংখ্যক পত্রের বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×১৫

(ক) 'পাশ্চাত্য ও প্রাচ্য সমালোচনার ধারা' প্রবন্ধটি কোন মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

(খ) কমলাকান্তের দপ্তরের প্রবন্ধগুলি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(গ) সাহিত্য মানসিক জিনিসকে কী করে তোলে?

(ঘ) "...প্রতিনিয়ত অঙ্কুরিত মুকুলিত পুলকিত সূর্যসনাথা আদিম পৃথিবীর ভাব।"— উদ্ধৃত অংশটি 'ছিন্নপত্র'-এর কত সংখ্যক পত্রে পাওয়া যায়?

(ঙ) 'ডিফিউশন' কী?

(চ) কোন রোমান্টিক কবির উদ্ধৃতি রবীন্দ্রনাথ 'সাহিত্য' গ্রন্থে ব্যবহার করেছেন?

(ছ) 'চিন্তানায়ক বঙ্কিমচন্দ্র' গ্রন্থটির লেখক কে?

(জ) "অনেক ছোটখাট জন্মচিহ্ন থাকে প্রত্যেক লেখার গায়ে"— 'জন্মচিহ্ন' বলতে লেখক কী বুঝিয়েছেন?

(ঝ) 'ছিন্নপত্র'-এর কত সংখ্যক পত্রে গিরিবালা-নাম্নী উজ্জ্বল শ্যামবর্ণ একটি ছোটো মেয়ের উল্লেখ রয়েছে?

(ঞ) প্লেটোর গ্রন্থের নাম লেখো।

(ট) "প্রয়োজন ছিল এই বিদ্রোহের" — কোন 'বিদ্রোহের' কথা বলা হয়েছে?

(ঠ) আচার্য কুন্তক রচিত গ্রন্থের নাম কী?

(ড) "মনুষ্যমাত্রেই পতঙ্গ" — প্রাবন্ধিক 'পতঙ্গ' বলতে কী বুঝিয়েছেন?

(ঢ) রবীন্দ্রনাথের 'সাহিত্য' গ্রন্থটির প্রকাশকাল লেখো।

(ণ) "পরের জন্য আত্মবিসর্জন ভিন্ন পৃথিবীতে স্থায়ী সুখের অন্য কোনো মূল্য নাই।" — কোন প্রবন্ধ থেকে উদ্ধৃতিটি গৃহীত?

# ২০২৩

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

## পত্র : SEC-B-1

## (ব্যবহারিক বাংলা ও সাহিত্য-গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) মোবাইলে সেলফি তুলতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়ছেন বহু মানুষ— এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

*অথবা,*

(খ) মাইকেল মধুসূদন দত্তের জন্মদ্বিশতবর্ষে একটি প্রকাশনা সংস্থার পরিচালকের সঙ্গে তাঁদের আগামী পরিকল্পনা বিষয়ে কোনো সাংবাদিকের কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো। ১০

২। (ক) একটি পর্যটন সংস্থা নানা স্থানে ভ্রমণের দশ দিনের একটি আকর্ষণীয় প্যাকেজ ট্যুরের আয়োজন করছে, ওই পর্যটন সংস্থার পক্ষ থেকে সংবাদপত্রে প্রকাশযোগ্য এক বিজ্ঞাপনের বয়ান রচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলায় অনুবাদ করো— ১০

It was little Mary's birthday, the loveliest of all days, she thought. All her little friends came to play with her, and she wore the most beautiful dress.

The table in Mary's room shone with presents; there was a doll which could roll its eyes and say 'Au', when one pressed its stomach; there was a picture book with the lovely stories to read; but it was nicer even than all the stories to live through many birthdays.

'Yes, it is lovely to live', said little Mary and her father and mother added with smile on their lips, with smile on their eyes and hearts, that it was the loveliest fairy tale.

৩। (ক) পাদটীকা এবং প্রান্তটীকার মধ্যে পার্থক্য কী? গবেষণা-প্রকল্পে পাণ্ডুলিপি প্রস্তুতির বিভিন্ন বিভাগগুলি আলোচনা করে বুঝিয়ে দাও। ২+৮

*অথবা,*

(খ) কপিরাইট আইন কী? স্বাধীন ভারতে কপিরাইট আইনের প্রচলন হয় কত সালে? কপিরাইট আইন স্রষ্টাকে কী কী অধিকার দেয়? লেখকের মৃত্যুর পর কতদিন কপিরাইট বলবৎ থাকে? কোন কোন ক্ষেত্রে কী জাতীয় ব্যবহার কপিরাইট লঙ্ঘনের পর্যায়ে পড়ে না? ২+১+৩+১+৩

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও— ৫×৬

(ক) মুদ্রিত সংবাদপত্রের বিজ্ঞাপন এবং টেলিভিশনের বিজ্ঞাপনের পার্থক্যগুলি আলোচনা করো।

(খ) গ্রন্থপঞ্জি কী? একটি গবেষণাপত্র প্রস্তুত করবার সময়ে গ্রন্থপঞ্জির প্রয়োজনীয়তা কী?

(গ) 'হলুদ সাংবাদিকতা' (Yellow Journalism) কাকে বলে, সংক্ষেপে আলোচনা করে বুঝিয়ে দাও।

(ঘ) প্রাতিষ্ঠানিক পত্রের ভাষা কেমন হওয়া উচিত? এ জাতীয় পত্রের সম্বোধন ও বিষয় উপস্থাপনার গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) বিজ্ঞাপন দেওয়ার উদ্দেশ্য কী? বিজ্ঞাপনের বয়ান রচনার সময় কোন কোন বিষয়গুলির উপর বেশি গুরুত্ব দেওয়া দরকার বলে তুমি মনে করো? — সংক্ষেপে বুঝিয়ে দাও।

(চ) নোবেলজয়ী এক সাহিত্যিকের সাক্ষাৎকার নেওয়ার জন্য নিজেকে কীভাবে প্রস্তুত করবে, সে-বিষয়ে আলোচনা করো।

(ছ) গবেষণা-প্রকল্পে তথ্যসংগ্রহ ও তথ্যবিশ্লেষণের গুরুত্ব আলোচনা করো।

(জ) ভালো অনুবাদের জন্য অনুবাদকারীর কোন বিষয়ে সর্বাধিক মনোযোগ দেওয়া জরুরি? ভিন্ন ভাষা থেকে অনুবাদ করবার সময় আক্ষরিক অনুবাদ, না, ভাবানুবাদ কোনটি তুমি বেছে নেবে? — যুক্তিসহ লেখো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×২০

(ক) একটি পূর্ণাঙ্গ প্রতিবেদনের প্রধান তিনটি অংশ কী কী?

(খ) প্রতিবেদন কোন ইংরেজি শব্দের পারিভাষিক রূপ?

(গ) ব্যক্তিগত চিঠি ও বাণিজ্যিক পত্রের মধ্যে একটি অপরিহার্য পার্থক্য উল্লেখ করো।

(ঘ) ব্যক্তিগত চিঠির সংকলন সাহিত্যগ্রন্থের মর্যাদা লাভ করেছে, লেখকের নামসহ এমন একটি পত্রসংকলনের নাম লেখো।

(ঙ) 'বিজ্ঞাপন' শব্দটির অভিধানিক অর্থ লেখো।

(চ) বিজ্ঞাপনের ভাষা কেমন হওয়া উচিত?

(ছ) প্রশাসনিক বিজ্ঞাপন বলতে কী বোঝো?

(জ) বেতার এবং দূরদর্শন ছাড়া বিজ্ঞাপন দেওয়ার জন্য আর একটি বৈদ্যুতিন মাধ্যমের উল্লেখ করো।

(ঝ) রবীন্দ্রনাথ ঠাকুর-কৃত 'গীতাঞ্জলি'-র ইংরেজি অনুবাদটির নাম কী?

(ঞ) To err is human— বাংলায় অনুবাদ করো।

(ট) He did nothing but sleep— বাংলায় অনুবাদ করো।

(ঠ) All's well that ends well— বাংলায় অনুবাদ করো।

(ড) Where there is a will, there is a way— বাংলায় অনুবাদ করো।

(ঢ) Plagiarism-এর বাংলা প্রতিশব্দ কী?

(ণ) গবেষণাপত্রে উৎসনির্দেশের প্রয়োজনীয়তা কী?

(ত) উদ্ধৃতি থেকে শব্দ, বাক্য বা বাক্যাংশ লোপের নির্দেশ বোঝাতে কোন চিহ্ন ব্যবহার করা হয়?

(থ) কোন কোন ক্ষেত্রে বক্রলেখ (Italics) ব্যবহার করা যায়, তার দুটি উদাহরণ দাও।

(দ) 'সংস্করণ তথ্য' বলতে কী বোঝো?

(ধ) সাময়িক পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ থেকে সংগৃহীত উপাদানের উৎস-পরিচয়ের তথ্য দেওয়ার ক্ষেত্রে গ্রন্থপঞ্জিতে প্রথমে কী লিখতে হয়?

(ন) বার্ন কনভেনশন-এর উদ্দেশ্য কী ছিল?

পত্র : SEC-B-2

(ব্যবহারিক বাংলা-২)

পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নিচের অসমাপ্ত গল্পসূত্রটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো। ১০

রথের দিন বড়দের কাছ থেকে পাওয়া টাকা নিয়ে বিনু মেলা থেকে কয়েকটি গাছ কেনে। বাড়িতে, বাড়ির চারপাশে লাগায়। পরদিন সকালে দেখে গাছগুলি কে যেন তুলে নিয়ে গেছে।

*অথবা,*

(খ) নিচের বিষয়টি অবলম্বনে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ একটি প্রবন্ধ লেখো। ১০
পরিবেশ রক্ষায় ছাত্রদের কর্তব্য।

২। (ক) বাংলা বানান ভুল হওয়ার কারণগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) অ-তৎসম শব্দের বানান সম্বন্ধে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) নিচের গদ্যাংশটি রোমীয় লিপিতে লিপ্যন্তর করো। ১০

বাংলাদেশের কোমল স্নিগ্ধ শ্যামল ভূমিশ্রীর মধ্যে ফুলের গন্ধই অনুভব করা যায়। সেখানে বর্বর সৌন্দর্য খুঁজে পাওয়া যাবে না।

*অথবা,*

(খ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (IPA) কে প্রবর্তন করেন? কোন কোন ধ্বনিবিজ্ঞানী একে আন্তর্জাতিক রূপ দেবার চেষ্টা করেন? কোন প্রতিষ্ঠানগুলি এর সঙ্গে যুক্ত? ১০

৪। *যে-কোনো ছয়টি* বিষয়ে টীকা লেখো— ৫×৬

(ক) বাংলা বানানে যত্ব বিধির প্রয়োগ

(খ) সামাজিক প্রবন্ধ

(গ) রোমীয় বর্ণমালার সুবিধা-অসুবিধা

(ঘ) গল্পের শিরোনাম

(ঙ) বাংলা বানান সংস্কারে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা

(চ) বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশ

(ছ) 'কি' এবং 'কী'— প্রয়োগের পার্থক্য

(জ) নিচের বর্ণগুলি IPA-তে লিপ্যন্তর করো—
আ, ঙ, ছ, ণ, ভ, স, হ, এ, ট, ড।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×২০

(ক) রবীন্দ্রনাথের দুটি ছোটোগল্পের নাম লেখো।

(খ) প্রবন্ধের উপাদানগুলি কী কী?

(গ) বাংলা সাহিত্যে ছোটোগল্পের প্রথম সার্থক শিল্পী কে?

(ঘ) অক্ষয়কুমার দত্তের একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ঙ) 'প্রান্তিক' শব্দটি রোমীয় লিপিতে লেখো।

(চ) 'এ' এবং 'ঃ' রোমীয় লিপিতে লেখো।

(ছ) অঙ্ক/অংক— কোনটি শুদ্ধ লেখো।

(জ) শারীরিক/শারিরীক— কোনটি শুদ্ধ লেখো।

(ঝ) শুদ্ধ বানান লেখো— সমিচীন।

(ঞ) 'অপেক্ষা' শব্দটি IPA-তে লেখো।

(ট) 'IPA'-র পূর্ণ রূপটি কী?

(ঠ) রোমীয় লিপিতে 'কিছুক্ষণ' শব্দটি লেখো।

(ড) 'বৃষ্টি' শব্দটিকে IPA-তে লিপ্যন্তর করো।

(ঢ) তিতিক্ষা/তিতীক্ষা— কোন বানানটি সঠিক?

(ণ) কোন বর্ণমালা থেকে নানা পরিবর্তনের মাধ্যমে আধুনিক রোমীয় লিপির জন্ম হয়েছে?

(ত) কোনো ভাষার ধ্বনিগুলি রোমীয় বর্ণমালায় কেন আলাদা আলাদা করে চেনা যায়?

(থ) একটি তৎসম শব্দের উদাহরণ দাও।

(দ) পুনঃপুনঃ/পুনঃপুন— কোনটি ঠিক?

(ধ) গীতাঞ্জলি/গিতাঞ্জলী— কোন বানানটি সঠিক?

(ন) অশুদ্ধি সংশোধন করো— দূর্নীতি।